রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, ডিসেম্বর ৯, ২০১৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

**অধিশাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ ঃ ১৯ অগ্রহায়ণ ১৪২২ বঙ্গাব্দ/০৩ ডিসেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ

**নং ৪০.০০.০০০০.০১৬.৩৬.০০৪.১১-১২৫ ।**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২নং আইন), এর ধারা ৩২৪ এর উপ-ধারা (১) ও উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে বর্ণিত প্রতিষ্ঠানসমূহকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, ৩০ অক্টোবর ২০১৫ হইতে ২৯ মে ২০১৬ পর্যন্ত ০৬(ছয়) মাস মেয়াদের জন্য উক্ত আইনের নবম অধ্যায়ের ধারা ১০০, ১০১, ১০২, ১০৩, ১০৫ এবং ১১৪ এর বিধানাবলী মানিয়া চলা হইতে এতদ্‌দ্বারা অব্যাহতি প্রদান করিল, যথা ঃ—

**শর্তাবলী ঃ**

(ক) কোন শ্রমিক উক্ত আইন এর ধারা ১০৩ (ক) অনুসারে প্রাপ্য সাপ্তাহিক ছুটি ভোগ না করিয়া থাকিলে তৎপরিবর্তে তাহাকে উল্লিখিত মেয়াদ শেষ হইবার পরবর্তী ৬(ছয়) মাসের মধ্যে ক্ষতিপূরণমূলক সাপ্তাহিক ছুটি প্রদান করিতে হইবে ;

(খ) কেবলমাত্র স্বেচ্ছায় আগ্রহী শ্রমিকদের অতিরিক্ত সময় কাজে নিয়োগ করা যাইবে ;

(গ) উল্লিখিত মেয়াদের অতিরিক্ত সময়ের কাজের জন্য প্রত্যেক শ্রমিককে সাধারণ হারের দ্বিগুণ হারে মজুরী প্রদান করিতে হইবে ;

(ঘ) কোন শ্রমিককে সপ্তাহে ৬০(ষাট) ঘণ্টার বেশী কাজ করানো যাইবে না।


**মূল্য ঃ** টাকা ৪.০০

**তফসিল**

| ক্রমিক নং | চিনিকলের নাম | জেলা |
|---|---|---|
| (১) | পঞ্চগড় চিনিকল লিমিটেড | পঞ্চগড় |
| (২) | ঠাকুরগাঁও চিনিকল লিমিটেড | ঠাকুরগাঁও |
| (৩) | সেতাবগঞ্জ চিনিকল লিমিটেড | দিনাজপুর |
| (৪) | শ্যামপুর চিনিকল লিমিটেড | রংপুর |
| (৫) | রংপুর চিনিকল লিমিটেড | গাইবান্ধা |
| (৬) | জয়পুরহাট চিনিকল লিমিটেড | জয়পুরহাট |
| (৭) | নাটোর চিনিকল লিমিটেড | নাটোর |
| (৮) | নর্থবেঙ্গল চিনিকল লিমিটেড | নাটোর |
| (৯) | রাজশাহী চিনিকল লিমিটেড | রাজশাহী |
| (১০) | পাবনা চিনিকল লিমিটেড | পাবনা |
| (১১) | কুষ্টিয়া চিনিকল লিমিটেড | কুষ্টিয়া |
| (১২) | মোবারকগঞ্জ চিনিকল লিমিটেড | ঝিনাইদহ |
| (১৩) | কেরু এন্ড কোম্পানী (বিডি) লিমিটেড | চুয়াডাঙ্গা |
| (১৪) | ফরিদপুর চিনিকল লিমিটেড | ফরিদপুর |
| (১৫) | জিলবাংলা চিনিকল লিমিটেড | জামালপুর |

২। এই প্রজ্ঞাপন ২৫ আশ্বিন ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ৩০ অক্টোবর ২০১৫ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মহিউদ্দিন আহমেদ খান**
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ড. মহিউদ্দীন আহমেদ (উপসচিব), উপপরিচালকের দায়িত্বে, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd